শেখ হাসিনাকে খাঁচায় আসার আমন্ত্রণ জানালেন আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরতে বিমানের পরিবর্তে খাঁচায় আসার কথা বলেছেন সাবেক অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সিনিয়র যুগ্ম সদস্য সচিব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

দুই বছরের বেশি সময় ধরে ভারতে অবস্থান করা শেখ হাসিনা দেশে ফেরার প্রস্তুতি নিচ্ছেন বলে জানিয়েছে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স। এ জন্য নতুন পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) আবেদন করেছেন বলেও সংবাদমাধ্যমটির প্রতিবেদনে উল্লেখ করা হয়। এ খবরের পরিপ্রেক্ষিতে এমন মন্তব্য করেন আসিফ মাহমুদ।

সোমবার (৯ নভেম্বর) নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি লেখেন, ‘পাসপোর্ট লাগবে না আপা। বিমানে নয়, খাঁচায় আসতে হবে। আর সেটা রেডি আছে।’

রয়টার্সের দেখা একটি চিঠির বরাতে জানা গেছে, শেখ হাসিনার পক্ষে দিল্লিতে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনে নতুন পাসপোর্ট ও এনআইডির জন্য আবেদন করা হয়েছে। সোমবার (৯ নভেম্বর) প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, ২০২৪ সালে দেশ ছাড়ার পর বাংলাদেশ কর্তৃপক্ষের সঙ্গে এটিই শেখ হাসিনার প্রথম আনুষ্ঠানিক যোগাযোগ।

চিঠিতে শেখ হাসিনার নতুন পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়েছেন তাঁর আইনজীবীরা। লন্ডনভিত্তিক আইনি প্রতিষ্ঠান ম্যাট্রিক্স চেম্বার্সের আইনজীবীরা দিল্লিতে নিযুক্ত বাংলাদেশের ভারপ্রাপ্ত হাইকমিশনার প্রীতি রহমানের কাছে চিঠিটি পাঠান।

উল্লেখ্য, ২০২৪ সালে ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মুখে ক্ষমতা ছেড়ে দেশত্যাগ করেন শেখ হাসিনা। এরপর থেকে তিনি ভারতে অবস্থান করছেন।